

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর,
ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৯.০১১.০০.০০.০৩.২০১৫- ৩১৪

তারিখ : ০৮/০৩/১৪২৩ বঙ্গাব্দ
২২/০৬/২০১৬ খ্রিস্টাব্দ

বিষয় : মৌখিক পরীক্ষা গ্রহণের লক্ষ্যে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমাদান প্রসঙ্গে।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তরধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের নিম্নবর্ণিত পদসমূহে সরাসরি পন্থায় জনবল নিয়োগের লক্ষ্যে গত ২৮/০২/২০১৬ তারিখ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক অনলাইন-এ দরখাস্ত আহ্বান করা হয় :

ক্রমিক নং	মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর	পদের নাম
১	শিক্ষা মন্ত্রণালয়	অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং)
২	-ঐ-	অধ্যাপক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)
৩	-ঐ-	অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং)
৪	-ঐ-	সহযোগী অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং)
৫	-ঐ-	সহযোগী অধ্যাপক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)
৬	-ঐ-	সহযোগী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং)
৭	-ঐ-	সহযোগী অধ্যাপক (নন-টেক)
৮	-ঐ-	প্রোগ্রামার
৯	-ঐ-	সহকারী অধ্যাপক (সিভিল ইঞ্জিনিয়ারিং)
১০	-ঐ-	সহকারী অধ্যাপক (ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং)
১১	-ঐ-	সহকারী অধ্যাপক (কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং)
১২	-ঐ-	সহকারী অধ্যাপক (নন-টেক)

২। উক্ত বিজ্ঞপ্তির প্রেক্ষিতে উল্লিখিত পদসমূহে অনলাইনে যারা আবেদন করেছেন তারা কমিশনের ওয়েবসাইট (www.bpsc.gov.bd) থেকে বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) ডাউনলোড করে যথাযথভাবে পূরণপূর্বক শিক্ষাগত যোগ্যতার সকল সনদ, অভিজ্ঞতার সনদপত্র ও নম্বরপত্র (শ্রেণি/শ্রেণি নির্ধারণের ক্ষেত্রে) এবং তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ১১/০৭/২০১৬ থেকে ২১/০৭/২০১৬ তারিখ পর্যন্ত প্রতি কর্ম দিবসে সকাল ১০.০০ টা থেকে বিকাল ৪.০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, প্রধান কার্যালয় আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭-এ সরাসরি জমা দেওয়া যাবে অথবা ডাকযোগে (রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে) প্রেরণ করা যাবে। বিপিএসসি ফরম-৩, সরাসরি জমাদান কালে সংশ্লিষ্ট পদে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র প্রার্থীদেরকে প্রদর্শন করতে হবে। আবেদনপত্র (বিপিএসসি ফরম-৩) ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে পরিচালক (ইউনিট- ৯), বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭, বরাবর প্রেরণ করতে হবে। উল্লিখিত তারিখের মধ্যে মূল আবেদনপত্র প্রার্থী সরাসরি/ডাকযোগে জমা দিতে ব্যর্থ হলে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন না অর্থাৎ তার প্রার্থীতা বাতিল হিসেবে বিবেচিত হবে। উল্লেখ্য, কোন প্রার্থী একাধিক পদে রেজিস্ট্রেশন করে থাকলে প্রতিটি পদের জন্য পৃথক পৃথক বিপিএসসি ফরম-৩ (মূল আবেদনপত্র) জমা দিতে হবে এবং একই সাথে কমিশনের নির্ধারিত ছকে/ফর্মে পছন্দক্রম প্রার্থী কর্তৃক পূরণ করে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

[পড়াশোনা ও জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন]

[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।
২২.০৬.২০১৬

ক্রমশ.../২